

# সমকাল

## এইচএসসি পরীক্ষা: কোচিং সেন্টার বন্ধ ৪৩ দিন

প্রকাশ: ০৮ আগস্ট ২৩ | ১৬:৩২ | আপডেট: ০৮ আগস্ট ২৩ | ১৬:৪৫

### সমকাল প্রতিবেদক



আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে এইচএসসি ও সমমানের পরীক্ষা নিয়ে জাতীয় মনিটরিং ও আইন-শৃঙ্খলা কমিটির সভা। ছবি: সংগৃহীত

শিক্ষামন্ত্রী দীপু মনি জানিয়েছেন, আগামী ১৭ আগস্ট থেকে উচ্চমাধ্যমিক বা এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে। এর আগে ১৪ আগস্ট থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত ৪৩ দিন কোচিং সেন্টার বন্ধ থাকবে।

আজ মঙ্গলবার বিকেলে আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে এইচএসসি ও সমমানের পরীক্ষা নিয়ে জাতীয় মনিটরিং ও আইন-শৃঙ্খলা কমিটির সভা শেষে তিনি এ তথ্য জানান।

শিক্ষামন্ত্রী জানান, পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের গুজব ও নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে কোচিং সেন্টার বন্ধ থাকবে।

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার সূচি গত ৮ জুন প্রকাশ  
 (<https://samakal.com/bangladesh/article/2306177059/%E0%A6%8F%E0%EA%AA%E0%A6%B0%E0%A7%80%E0%A6%95%E0%A7%8D%EA%A6%B6%E0%A7%81%E0%A6%B0%E0%A7%81-%E0%A7%A7%E0%A7%AD-%E0%A6%86%E0%A6%97%E0%A6%8B%EA%A7%8D%E0%A6%9F>)  
 করে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির  
 আহ্বায়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো. আবুল বাশারের সহী করা সূচিতে  
 জানানো হয়, পরীক্ষা শুরুর অন্তত ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের আসন গ্রহণ করতে হবে। প্রথমে  
 বহু নির্বাচনী ও পরে স্জনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে। উভয় অংশের পরীক্ষার  
 মধ্যে কোনো বিরতি থাকবে না।

এতে বলা হয়, পরীক্ষার্থীরা পরীক্ষায় সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।  
 প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। কোনো পরীক্ষার্থী কেন্দ্রে মোবাইল ফোন আনতে  
 পারবে না। পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছাড়া অন্য কেউ মোবাইল ফোন ব্যবহার করতে  
 পারবেন না।

---

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : আলমগীর হোসেন। প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
 +৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: [samakalad@gmail.com](mailto:samakalad@gmail.com)